খালেদা জিয়া স্মৃতি স্বর্ণপদক পাচ্ছেন মির্জা ফখরুলসহ ১৫ জন



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দেশের বিভিন্ন অঙ্গনের ১৫ জন বিশিষ্ট ব্যক্তিত্বকে 'আপসহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়া স্মৃতি স্বর্ণপদক ২০২৬'-এ সম্মানিত করা হয়েছে। শুক্রবার (৮ মে) প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

সম্মাননা পাওয়া ব্যক্তিদের মধ্যে রয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ ও মাহদী আমিন, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক এবং বাসসের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক কামাল উদ্দিন সবুজ।

এ ছাড়া স্বর্ণপদক পেয়েছেন 'মায়ের ডাক'-এর সংগঠক সানজিদা ইসলাম তুলী, বিসিবি সভাপতি তামিম ইকবাল, সাহিত্যিক ড. মাহবুব হাসান, কবি আবদুল হাই শিকদার, সাংবাদিক আশরাফ কায়সার, শিল্পপতি ড. আবুল কাশেম হায়দার, ব্যবসায়ী আবদুল হক এবং খালেদা জিয়ার ব্যক্তিগত সহকারী ফাতেমা বেগম।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নিউইয়র্কভিত্তিক সংগঠন 'বাংলাদেশ প্রবাসী নাগরিক কমিটি, ইনক' সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্মরণে এ স্বর্ণপদক চালু করেছে। প্রতিবছর দেশের উন্নয়ন ও বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসেবে গুণীজনদের এ সম্মাননা দেওয়া হবে।